

আবারও মাদ্রাসার ছাত্রদের নকল ধরলেন শিক্ষা প্রতিমন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ মাদ্রাসার পরীক্ষা শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এছানুল হক মিলন আবারও হাতে-নাতে নকল ধরলেন। বুধস্পতিবার মাদারীপুর বঙ্গবন্ধু 'ন' কলেজ কেন্দ্রে প্রতিমন্ত্রী আকস্মিকভাবে উপস্থিত হয়ে কাউকে কিছু বোঝার সুযোগ না দিয়ে পরীক্ষা কেন্দ্রে ঢুকে নকলসহ ৩ জন পরীক্ষার্থীকে হাতে-নাতে ধরে তাদেরকে বহিষ্কার করেন। কর্তব্য কাজে অবহেলায় অভিযোগে মাদ্রাসা শিক্ষক মাওলানা আদুল সোবহান ও শাহাদাত হোসেনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। প্রতিমন্ত্রী একইসাথে কেন্দ্র সচিব মাওলানা জাশান উদ্দিনকে তিরস্কার করেন। নকলে সহায়তাকারী হিসেবে অভিযুক্ত দুই শিক্ষক জানায় যে মাদারীপুর জেলা শাখার নেতা। ঢাকা থেকে মাদারীপুর জেলা প্রশাসক আদুল মালেকের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, শিক্ষা প্রতিমন্ত্রী আমাদের কাউকে না জানিয়ে মাদারীপুরে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য আসেন। তখন ক্রমশঃ করে বৃষ্টি পড়ছিল। উল্লেখ্য, শিক্ষা প্রতিমন্ত্রী গতকাল হেলিকপ্টারযোগে ঢাকা থেকে মেহেরপুরে যাত্রা করেন। দুর্ভোগপূর্ণ আবহাওয়ার

কারণে মাদারীপুর স্টেডিয়ামে তিনি যাত্রা বিরতি করেন এবং পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যান।

মাদারীপুর সংবাদদাতা ॥ শিক্ষা প্রতিমন্ত্রী সরকারী নাজিমউদ্দিন বিশ্ববিদ্যালয় কেন্দ্রে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেবে সন্তোষ প্রকাশ করেন। প্রতিমন্ত্রী চরদুর্গরিয়া কলেজ কেন্দ্রেও পরিদর্শন করেন।

নলছিটি (ঝালকাঠি) থেকে সংবাদদাতা ॥ বুধস্পতিবার মাদ্রাসা কেন্দ্রে ২ জন কলেজের শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে প্রশাসনের সঙ্গে মাদ্রাসা কর্তৃপক্ষের অগ্রীতিকর ঘটনা ঘটে। উপজেলা নির্বাহী কর্মকর্তা দু'জন কলেজ শিক্ষককে মাদ্রাসার পরীক্ষা হলে ভিউটির জন্য পাঠালে মাদ্রাসার কেন্দ্র সচিব ও ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ আঃ হাই নিজামী তা প্রত্যাখ্যান করেন। ইউএনও বার বার অনুরোধ করেও ব্যর্থ হন। পরবর্তীতে জেলা প্রশাসকের হস্তক্ষেপে বিষয়টি নিষ্পত্তি হয়। পরীক্ষার তিথিলেগ টীম জানায়, মাদ্রাসা পরীক্ষায় ব্যাপক দুর্নীতি ও নকল চলছিল। অন্যদিকে নলছিটি কলেজেও ব্যাপক নকলের ছড়াছড়ি ঘটে।